

# ঝুইকোনমি উন্নয়ন ঢাবি ও চীনের যৌথ গবেষণা কার্যক্রম উদ্বোধন

ঢাবি সংবাদদাতা

০৩ জুন ২০২৬, ১২:০০ এএম



বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে সমুদ্র পর্যবেক্ষণ ও পরিবেশ ব্যবস্থাপনা জোরদার করতে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের একটি গবেষণা প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে নতুন গবেষণা কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী এক সেমিনার অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল সেন্টার ফর ওশান গভর্ন্যান্স (আইসিওজি-ঢাবি) এবং চীনের ফাস্ট ইনস্টিটিউট অব ওশোনোগ্রাফির যৌথ উদ্যোগে আয়োজিত এ কার্যক্রমে বাংলাদেশের উপকূলীয় জলসীমায় আধুনিক সমুদ্র পর্যবেক্ষণ ও পরিবেশগত মডেলিং কার্যক্রম পরিচালনার পরিকল্পনা নেওয়া হয়েছে।

হিট প্রকল্পের আওতাধীন এ সেমিনারের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম। বক্তব্য দেন, অর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হুমায়ুন কবীর, প্রকল্পের আন্তর্জাতিক বিশেষজ্ঞ ড. টোনিয়া অ্যান্ড্রিড ক্যাপুয়ানো এবং চীনা গবেষক ড. শুমিন জিয়াং। স্বাগত বক্তব্য দেন আইসিওজি-টাবির পরিচালক অধ্যাপক ড. কেএম আজম চৌধুরী।

সেমিনারে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষক, শিক্ষার্থী ছাড়াও মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ নৌবাহিনী, স্পারসোসহ বিভিন্ন জাতীয় প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন। চীনের ফাস্ট ইনস্টিটিউট অব ওশেনোগ্রাফির বিজ্ঞানীরা এতে উপস্থিত ছিলেন। এ সময় আইসিওজি-টাবি ও চীনা গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে সহযোগিতার প্রতীক হিসেবে ফ্রেস্ট বিনিময় করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম বলেন, সমুদ্রবিজ্ঞান, উপকূলীয় পরিবেশ পর্যবেক্ষণ এবং জলবায়ু সহনশীলতা বৃদ্ধিতে আন্তর্জাতিক সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ ও চীনের যৌথ গবেষণা কার্যক্রম সমুদ্রসম্পদ ব্যবস্থাপনা, উপকূলীয় ঝুঁকি মোকাবিলা এবং টেকসই উন্নয়নে নতুন সম্ভাবনা সৃষ্টি করবে।

সেমিনারের কারিগরি অধিবেশনে চীনা গবেষকরা আধুনিক সমুদ্র পর্যবেক্ষণ প্রযুক্তি, সামুদ্রিক ভূ-ঝুঁকি এবং উপকূলীয় পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন।